

যাযাবর মানুষেরা

আহমেদ সাবের

অতঃপর ওরা বললেন,
'এসো, এক হাত হয়ে যাক' ।
সবুজ জমিন ছিল, তাতে কোন সীমানার চিহ্নও ছিলনা ।
পরাক্রম কতিপয় তাতে, এঁকে দিল চৌষুড়ি বর্গের ক্ষেত্র ।
ঈশ্বর নীরবে শুধু দেখেই গেলেন, উচ্চ বাচ্য ছাড়া ।

রাজা, মন্ত্রী, সেনাগন যথারীতি দাড়ালো সস্থানে ।
শুধুই প্রজার কোন সুনির্দিষ্ট স্থান নেই বলে,
ওরা স্থান করে নিল যত্র তত্র - চৌষুড়ি বর্গেই ।
প্রজাদের সাদা কিংবা কালো বলে কোন পরিচিতি নেই,
কখনো থাকে না ।

ওরা দেশান্তরী পাখীদের মতো ঝাঁক বেধে,
ঘুরে ফিরে দেশ থেকে দেশে ।
'যেখানেই রাত, সেখানেই কাত', বলে পৃথিবীর নরোম মাটিতে
নিমেষে ঘুমিয়ে যায়, অথবা নিঃশব্দে মাটির সাথে কথা বলে,
সুখ, দুঃখ, ভালবাসা, হিংসা, ঘৃণা, কাম, ক্রোধ, সব কিছু,
আটপৌরে দিনের কড়চা ।
তার পর ঘুম ভেঙ্গে চলে যায় অন্য জনপদে, সব কিছু ফেলে ।

আসলে কি চলে যায় সব কিছু ফেলে?
মনের গভীরে স্থিত নীল সরোবরে, কম বেশী স্মৃতি কি থাকে না?

Sydney February 22, 2006

